

M.P.W  
22

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে আরও ৩৭ ভূয়া শিক্ষার্থী শনাক্ত

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

ঢাকা বিশ্ববিদ্যালয়ে অবৈধভাবে ভর্তি হওয়া আরও ৩৭ ভূয়া শিক্ষার্থীকে প্রাথমিকভাবে শনাক্ত করা হয়েছে। গতকাল মঙ্গলবার তথ্যানুসন্ধান কমিটি প্রাথমিকভাবে তাদের চিহ্নিত করেছে। এ নিয়ে বিশ্ববিদ্যালয়ে  
শনাক্ত : পৃষ্ঠা : ১১ ক :

### শনাক্ত : শিক্ষার্থী

(১ম পৃষ্ঠার পর)

শিক্ষার্থীর সংখ্যা দাঁড়াল ২শ'তে। এদিকে তথ্যানুসন্ধান কমিটির গত সভায় চিহ্নিত ১৫ জন ভূয়া শিক্ষার্থীর মধ্যে ৮ জনের ছাত্রত্ব বাতিল করার জন্য আগামী সিতিকেট সভায় সুপারিশ করা হবে বলে জানা গেছে।  
সূত্র জানায়, গতকাল তথ্যানুসন্ধান কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। এতে ১৭টি বিভাগ ও ইনস্টিটিউট তাদের ভর্তি সংক্রান্ত সব কাগজপত্র জমা দেয়। পরীক্ষা-নিরীক্ষার পর ৩টি বিভাগের ৩৭ জনের ভর্তি প্রক্রিয়া অবৈধ বলে সন্দেহ করছে তথ্যানুসন্ধান কমিটি।

জানা গেছে, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষের ১৯ জন, লোক প্রশাসন বিভাগের ২০০৪ সালের মাস্টার্সের ১৭ জন এবং গণিত বিভাগের ১ জনকে প্রাথমিকভাবে অবৈধ বলে চিহ্নিত করা হয়েছে।

এদিকে তথ্যানুসন্ধান কমিটির গত সভায় চিহ্নিত ১৫ জনের কারণ দর্শানোর নোটিশের জবাব দেয়ার সর্বশেষ সময় ছিল গত ২৭ জুলাই। এর মধ্যে মাত্র ৩ জন শোকজের উত্তর দিয়েছে বলে কমিটি সূত্র জানা গেছে।

এ ব্যাপারে কমিটির সদস্য সচিব সহযোগী অধ্যাপক সিদ্দিকুর রহমান বলেন, যাদের শোকজের উত্তর পাওয়া গেছে তাদের পক্ষে কোন যুক্তি বা প্রমাণ নেই। তবে আগামী সিতিকেট সভায় অতিমুক্তদের মধ্যে ৮ জনের ছাত্রত্ব বাতিলের সিদ্ধান্ত নেয়া হবে বলে তিনি জানান।

প্রসঙ্গত এর আগে বিশ্ববিদ্যালয়ে অবৈধভাবে ভর্তি হওয়া ১৫৮ জনের ছাত্রত্ব বাতিল করা হয়।